# অব্যয়

**(अद्य, यदा, तदा, इह, श्वः, परश्वः, ह्यः, परह्यः, प्रातः, सायम्, शनैः, उच्चैः, एव, इव, अलम्, उपरि, अधः, विना, ऋते, अन्तरेण, अन्तरा, उभयतः, परितः, प्राक्, परम्)।**

নি পূর্বক ইণ্ ধাতুর উত্তর অচ্-প্রত্যয়ে ব্যয়-শব্দ নিষ্পন্ন হয়েছে। ব্যয় অর্থাৎ পরিবর্তন বা রূপান্তর। 'ন ব্যয় - অব্যয়' অর্থাৎ কোনো পরিবর্তন বা রূপান্তর নয়। অব্যয় প্রসঙ্গে বলা হয়েছে

**'সদৃশং ত্রিষু লিঙ্গেষু সর্বাসু চ বিভক্তিষু।**
**বচনেষু চ সর্বেষু যন্ন ব্যেতি তদব্যয়ম্।।'**

অর্থাৎ যে সকল শব্দের তিন লিঙ্গে, সকল বিভক্তিতে এবং তিন বচনে কোন ব্যয় অর্থাৎ পরিবর্তন হয় না, তাদের অব্যয় বলে। যথা - প্রাতঃ, যদা, আরাৎ, নিকষা ইত্যাদি।

● স্বর্ প্রভৃতি শব্দ, নিপাতসংজ্ঞক শব্দ, অব্যয়ীভাবসমাস, কতিপয় তদ্ধিতান্ত ও কৃদন্ত শব্দ অব্যয়রূপে পরিগণিত হয়।

● সুপ্ ও তিঙ্ বিভক্তিযুক্ত শব্দকে পদ বলা হয়। অব্যয়সমূহও সুবন্ত পদ-বাচ্য। অব্যয়ের উত্তর বিভক্তির লোপ হয় (অব্যয়াদাপ্সুপঃ - ২।৪।৮২)। বিভক্তির লোপ হলেও ঐ অব্যয়গুলি পদ বলে গণ্য হয় **(প্রত্যয়লোপে প্রত্যয়লক্ষণম্)**। অব্যয়ের কোন বিভক্তি হয় না। সর্বদা একরূপে তারা বিরাজ করে।

● কতকগুলি অব্যয়ের যোগে আবার বিশেষ বিশেষ বিভক্তি হয়। যথা - প্রতি, অন্তরা, বিনা, ঋতে প্রভৃতির যোগে দ্বিতীয়া বিভক্তি, সাকম্, সহ, সার্ধম্ ইত্যাদির যোগে তৃতীয়া বিভক্তি, নমঃ, স্বস্তি, স্বাহা প্রভৃতির যোগে চতুর্থী বিভক্তি, বহিঃ, আরাৎ প্রভৃতির যোগে পঞ্চমী বিভক্তি, উপ ও অধি শব্দের যোগে সপ্তমী বিভক্তি হয়।

**◗ অব্যয়ের শ্রেণিবিভাগ -**

অব্যয় সাধারণতঃ তিন প্রকার - ১) স্বরাদি, ২) চাদি ও ৩) প্রাদি

**১) স্বরাদি অব্যয়** (স্বরাদিনিপাতমব্যয়ম্ - ১।১।৩৭) ◗ স্বর্, অন্তর্, প্রাতঃ, পুনঃ, আরাৎ, দিবা, সায়ম্, অন্তরা, অন্তরেণ, উচ্চৈঃ, নীচৈঃ, বিনা, নানা, অলম্, স্বধা, মিথ্যা, হ্যঃ, শ্বঃ, নিকষা, নক্তম্, পৃথক্, সহসা প্রভৃতি স্বরাদিগণের অন্তর্গত। স্বরাদিগণে পঠিত শব্দসমূহ সত্ত্ববাচক অর্থাৎ বস্তুবাচক।

**২) চাদি অব্যয়** (চাদয়োঽসত্ত্বে - ১।৪।৫৭) ◗ অসত্ত্ববাচী চ-প্রভৃতিকে নিপাত বলে। চ, বা, এব, নূনম্, যুগপৎ, নঞ্, স্বাহা, কিল, অথ, পুরা, ধিক্, খলু, ননু, ইব, জাতু, বিভাষা, অন্যতরস্যাম্, যাবৎ, তাবৎ, মাঙ্ প্রভৃতি চাদিগণের অন্তর্ভূত।

**৩) প্রাদি অব্যয়** ◗ প্র, পরা, অপ, সম্, অনু, অব, নির্ (নিস্), দুর্ (দুস্), অভি, বি, অধি, সু, উদ্, অতি, নি, প্রতি, পরি, অপি, উপ, আঙ্ - এই ২০টি উপসর্গও নিপাত; এই সকল উপসর্গ লৌকিক সংস্কৃতে ক্রিয়ার অব্যবহিত পূর্বে বসে।

এছাড়া, কৃদন্ত (কৃন্মেজন্তঃ -১।১।৩৯) ও তদ্ধিতান্ত (তদ্ধিতশ্চাসর্ববিভক্তিঃ - ১।১।৩৮) কতকগুলি শব্দ এবং অব্যয়ীভাব-সমাসনিষ্পন্ন শব্দও অব্যয়।

**❖ কৃদন্ত অব্যয়** - ক্ত্বা, ল্যপ্, তুমুন্, তোসুন্, কসুন্ প্রত্যয়ান্ত শব্দ অব্যয়। যথা - গম্ + ক্ত্বা - গত্বা, আ + গম্ + ল্যপ্ - আগম্য, গম্ + তুমুন্ - গন্তুম্। তোসুন্ (উদেতোঃ) ও কসুন্ (বিসৃপঃ) এর উদাহরণ বেদে পাওয়া যায়।

**❖ তদ্ধিতান্ত অব্যয়** - তসিল্-প্রত্যয়ান্ত শব্দ (কুতঃ, সর্বতঃ, উভয়তঃ প্রভৃতি), ত্রল্-প্রত্যয়ান্ত শব্দ (কুত্র, অত্র, যত্র প্রভৃতি), থাল্-প্রত্যয়ান্ত শব্দ (সর্বথা, অন্যথা, যথা প্রভৃতি), দা-প্রত্যয়ান্ত শব্দ (কদা, যদা, সর্বদা প্রভৃতি), কাল বোঝাতে 'অধুনা' শব্দ ও 'দানীম্'-প্রত্যয়ান্ত শব্দ (ইদানীম্), র্হিল্-প্রত্যয়ান্ত শব্দ (কর্হি, তর্হি প্রভৃতি) ইত্যাদি।

❖ অব্যয়ীভাব-সমাসনিষ্পন্ন শব্দ অব্যয় - অব্যয়ীভাব-সমাসনিষ্পন্ন শব্দও অব্যয়। যথা - উপকৃষ্ণম্, যথাবলম্, দুর্ভি… প্রত্যক্ষম্, প্রতিদিনম্, ইতিহরি, সক্ষত্রম্, অতিনিদ্রম্, নির্মক্ষিকম্ প্রভৃতি।

| অব্যয়ানি | अर्थ: | वाक्ये व्यवहार: |
|---|---|---|
| ১) | अद्य - (Today/আজ) | → अद्य राम: विद्यालयं गच्छति (আজ রাম বিদ্যালয়ে যাচ্ছে)। |
| ২) | यदा - (When/যখন) | → यदा लता आगच्छति तदा माला गच्छति (যখন লতা আসবে ত… মালা যাবে)। |
| ৩) | तदा - (Then/তখন) | → तदा शिक्षक: श्रेणिकक्षे प्रविशति (তখন শিক্ষক ক্লাসে প্র… করলেন)। |
| ৪) | इह - (Here/এখানে) | → इह जगति सर्व नश्वरं भवति (এই জগতে সব কিছু নশ্বর)। |
| ৫) | श्व: - (Tomorrow/আগামীকাল) | → श्व: माधव: मातुलालयं गच्छति/गमिष्यति (আগামীকাল মাধব মা… বাড়ি যাবে)। |
| ৬) | परश्व: - (Day after tomorrow/ আগামীকালের পরের দিন, পরশু) | → परश्व: मम बन्धु: आगमिष्यति (পরশু আমার বন্ধু আসবে)। |
| ৭) | ह्य: - (Yesterday/গতকাল) | → ह्य: मम पिता गृहम् आगत: (গতকাল আমার বাবা বাড়িতে এসেছে… |
| ৮) | परह्य: - (Day before yesterday/ গতকালের পূর্বের দিন) | → परह्य: स कलिकातां गत: (গতকালের পূর্বের দিনে তিনি কলিকা… গিয়েছিলেন)। |
| ৯) | प्रात: - (Morning/সকালে, প্রভাতে) | → प्रात: भ्रमणं करणीयम् (সকালবেলায় ভ্রমণ করা উচিত)। |
| ১০) | सायम् - (Evening time/ সন্ধ্যাকালে) | → सायं गृहाद् बहि: न गच्छ (সন্ধ্যাকালে ঘরের বাইরে যেও না)। |
| ১১) | शनै: - (Slowly/ধীরে) | → शनै: गच्छति वृद्धा (বৃদ্ধা ধীরে যাচ্ছে)। |
| ১২) | उच्चै: - (Loudly/উচ্চৈঃস্বরে) | → छात्रा: उच्चै: कोलाहलं कुर्वन्ति (ছাত্ররা উচ্চৈঃস্বরে কোলাহ… করছে)। |
| ১৩) | एव - (Only/ই) | → राम: एव एतत् कर्म करोति (রামই এই কাজটি করেছে)। |
| ১৪) | इव - (As, Like/ন্যায়) | → पुष्पम् इव शकुन्तलाया: शरीरं कोमलम् आसीत् (শকুন্তলার শরী… ফুলের মতো কোমল ছিল)। |
| ১৫) | अलम् - (Able, Prohibition/ সমর্থ ও নিষেধ) | → ১) अर्जुन: युद्धाय अलम् आसीत् (অর্জুন যুদ্ধের জন্য সমর্থ ছিলেন… ২) बन्धुभि: सह विवादेन अलम् (বন্ধুদের সাথে বিবাদ করো না… |
| ১৬) | उपरि - (Above/উপরে) | → सर्वेषाम् उपरि ईश्वर: विराजते (সবার উপরে ঈশ্বর বিরাজ করে… |

१७) **अधः** - (Below, Down/নীচে) → वृक्षस्य अधः पत्राणि पतन्ति (গাছের নীচে পাতা পড়ে আছে)।

१८) **विना** - (Except, Without/ছাড়া, ভিন্ন, ব্যতীত) → इह संसारे परमेश्वरं विना किमपि नास्ति (এই সংসারে ভগবান ছাড়া কিছুই নেই)।

१९) **ऋते** - (Except/ছাড়া, ভিন্ন, ব্যতীত) → श्रद्धाम् ऋते विद्यार्जनं न भवति (শ্রদ্ধা ছাড়া বিদ্যার্জন হয় না)।

२०) **अन्तरेण** - (Without/ছাড়া, ভিন্ন, ব্যতীত) → अधुना चलभाषम् अन्तरेण छात्राः न पठन्ति (এখন মোবাইল ছাড়া ছাত্ররা পড়াশুনা করে না)।

२१) **अन्तरा** - (Between/মধ্যে) → ग्रामं विद्यालयम् अन्तरा एका नदी वर्तते (গ্রাম ও বিদ্যালয়ের মধ্যে একটি নদী আছে)।

२२) **उभयतः** - (On both sides/উভয়দিকে, দুই দিকে) → अस्माकं ग्रामे मार्गम् उभयतः वृक्षाः सन्ति (আমাদের গ্রামে রাস্তার উভয়দিকে গাছ আছে)।

२३) **परितः** - (All sides/চতুর্দিকে) → अस्माकं विद्यालयं परितः मनोहरम् उद्यानं वर्तते (আমাদের বিদ্যালয়ের চারিদিকে মনোহর উদ্যান আছে)।

२४) **प्राक्** - (Before/পূর্বে) → भोजनात् प्राक् हस्तप्रक्षालनं कुर्यात् (ভোজনের পূর্বে হাত ধোবে)।

२५) **परम्** - (But, After/কিন্তু, পরে) - क) → राजा धनवान् न आसीत्, परं महान् दाता आसीत् (রাজা ধনবান্ ছিলেন না, কিন্তু মহান্ দাতা ছিলেন), ख) हरिः पठनात् परं किं कुर्यात् (হরি পড়াশুনার পর কি করবে?)।

## प्रश्नोत्तरपर्व

**क) उचितेन अव्यय-पदेन रिक्तस्थानं पूरयत।**

(उभयतः, इह, अन्तरा, ऋते, अत्र, एव, प्राक्, उपरि, अधः, इव, परह्यः, परम्, सायम्, शनैः, अन्तरेण, श्वः, प्रातः, यदा-तदा, उच्चैः, ह्यः)

| | | |
|---|---|---|
| १) | __________ अहं विदेशम् अगच्छम्। | ह्यः |
| २) | __________ वृष्टिः भवति __________ मयूरः नृत्यति। | यदा तदा: |
| ३) | __________ वयम् आमेरिकादेशं गमिष्यामः। | श्वः |
| ४) | वृद्धः __________ चलति। | शनैः |
| ५) | बालकाः श्रेणिकक्षे __________ कोलाहलं कुर्वन्ति। | उच्चैः |
| ६) | __________ सूर्यः उदेति। | प्रातः |
| ७) | ज्ञानम् __________ सुखं नास्ति। | ऋते |
| ८) | विद्यालयम् __________ उद्यानं वर्तते। | उभयतः |